

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে)

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

নির্বাচন সহায়তা-২ শাখা

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৩.২৩-১২৩

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ভোটার তালিকার খসড়া প্রকাশ ও চূড়ান্তকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা ডাটাবেইজে ০১/০১/২০০৮ তারিখ বা তার পূর্বে জন্ম এমন ব্যক্তিদের মধ্যে ২৪/১১/২০২৫ তারিখ হতে ৩১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত যারা ডাটাবেইজে অন্তর্ভুক্ত হয়েছেন তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ, দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এবং দাখিলকৃত আবেদন নিষ্পত্তিকরত: চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ সংক্রান্তে বিস্তারিত সময়সূচী মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। সময়সূচী নিম্নরূপ:

ক্রম	বিবরণ	প্রস্তাবিত সময়সূচী
১.	৩১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত নিবন্ধিত ভোটারযোগ্য ব্যক্তিদের (০১/০১/২০০৮ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম) নিয়ে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ কর্তৃক খসড়া ভোটার তালিকার পিডিএফ প্রস্তুত ও সিএমএস পোর্টালে লিংক সরবরাহ	: ১৫ এপ্রিল ২০২৬
২.	৩১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত ভোটার ডাটাবেইজে অন্তর্ভুক্ত ০১/০১/২০০৮ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন নিবন্ধিত ভোটারের খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ২০ এপ্রিল ২০২৬
৩.	খসড়া ভোটার তালিকার প্রকাশের পর যোগ্য ব্যক্তির নাম অন্তর্ভুক্ত করা, মৃত্যুজনিত বা অন্তর্ভুক্ত হওয়ার অযোগ্য ব্যক্তির নাম কর্তন, ভোটার স্থানান্তর এবং ইহাতে কোন অন্তর্ভুক্তি সংশোধন বা ত্রুটি-বিচ্যুতি দূর করার জন্য দরখাস্ত দাখিলের শেষ তারিখ (ফরম-২, ফরম-১২, ফরম-১৩ ও ফরম-১৪ এর মাধ্যমে দরখাস্ত করতে হবে)	: ০৩ মে ২০২৬
৪.	দাখিলকৃত দরখাস্তসমূহ সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার কর্তৃক নিষ্পত্তির শেষ তারিখ	: ০৬ মে ২০২৬
৫.	দাখিলকৃত দরখাস্তের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ	: ১০ মে ২০২৬
৬.	হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ [০১/০১/২০০৮ বা তার পূর্বে যাদের জন্ম তাদের]	: ১৪ মে ২০২৬

০২। উক্ত কার্যক্রম চলাকালীন মুদ্রিত খসড়া ভোটার তালিকা জনসাধারণের পরিদর্শন ও ভুলত্রুটি সংশোধনের আবেদন দাখিলের আহ্বান জানিয়ে মসজিদ/মন্দিরসহ ধর্মীয় উপসনালয়ে ইমাম/পুরোহিতগণের মাধ্যমে নামাজ/প্রার্থনার আগে বা পরে ঘোষণা প্রদান, স্থানীয় ক্যাবল অপারেটরের মাধ্যমে জনস্বার্থে তা প্রচার, স্থানীয় সাংবাদিকগণের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, মুদ্রিত খসড়া ভোটার তালিকায় যোগ্য ব্যক্তির নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরণ, মৃত্যুজনিত বা অন্তর্ভুক্ত হওয়ার অযোগ্য ব্যক্তির নাম কর্তন, ভোটার স্থানান্তর এবং ইহাতে কোন অন্তর্ভুক্তি সংশোধন বা ত্রুটি-বিচ্যুতি দূরীকরণ, পুরুষ তালিকার মধ্যে মহিলা ভোটার অন্তর্ভুক্তি বা মহিলা তালিকার মধ্যে পুরুষ ভোটার অন্তর্ভুক্তি এবং ধর্ম সংক্রান্ত কোন ত্রুটি বিচ্যুতিসহ অন্য কোন ত্রুটি বিচ্যুতি থাকলে তা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীত জরুরী।

উপজেলা/থানা নির্বাচন অফিসার, ..... (সকল)

ও

রেজিস্ট্রেশন অফিসার

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৩.২৩-১২৩

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা


২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা

৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..... (সকল) (উক্ত কার্যক্রম সার্বিক তদারকির অনুরোধসহ)


৪। সিস্টেম ম্যানেজার (কারিগরি), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।

৫। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, ..... (সকল) (উক্ত কার্যক্রম সার্বিক তদারকির অনুরোধসহ)

৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

  
(মোঃ নাসির উদ্দিন চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব(নি:স:-২)  
ফোনঃ ৫৫০০৭৫৫৪

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

  
সিনিয়র সহকারী সচিব(নি:স:-২)  
ফোনঃ ৫৫০০৭৫৫৪